

ঢাবি অনুদা শংকরসহ ছ'জনকে ডি-লিট ডিগ্রি প্রদান করবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলা সাহিত্যের প্রখ্যাত প্রবন্ধকার, ঔপন্যাসিক, কবি, ছন্দকার, সদাশ্রম্যত অনুদা শংকর রায়কে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডক্টর অব লিটারেচার (ডি-লিট) ডিগ্রি (মরণোত্তর) প্রদান করা হচ্ছে। একাডেমিক পরিষদের আজকের নির্ধারিত সভায় এটা অনুমোদন করা হবে। একইসঙ্গে আরও ৫ জনকে এই ডিগ্রি প্রদান করা হচ্ছে। সংশ্লিষ্ট সূত্র এ খবর ডি-লিট : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

ডি-লিট * ছয়জনকে

(শেষ পৃষ্ঠার পর)

জানিয়েছে। সূত্রমতে, অন্য যে ৫ জনকে ডি-লিট ডিগ্রি দেয়া হচ্ছে তারা সবাই প্রয়াত এবং নিজ নিজ ক্ষেত্রে বাংলা ভাষা ও সাহিত্যের জন্য অসামান্য অবদান রেখেছেন। তারা হচ্ছেন- কথাসাহিত্যিক শওকত ওসমান, ঢাবির বাংলা বিভাগের সাবেক শিক্ষক অধ্যাপক মুহাম্মদ আবদুল হাই, একই বিভাগের অধ্যাপক মুনীর চৌধুরী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক এবিএম হাবিবুল্লাহ এবং ওই বিভাগের অধ্যাপক মমতাজুর রহমান তরফদার। ১৯৯৯ সালের ২৬ এপ্রিল কলা অনুষদ তাদের এই ডিগ্রি প্রদানের জন্য সুপারিশ করেছিল বলে জানা গেছে। অনুদা শংকর রায় পরলোকগমন করায় তিনি এখন মরণোত্তর ডি-লিট ডিগ্রি পাবেন। অনুসন্ধানে জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এ পর্যন্ত ৯ জনকে ডি-লিট ডিগ্রি দেয়া হয়েছে। যাদের মধ্যে ড. মুহাম্মদ শহীদুল্লাহকে শুধু মরণোত্তর ডিগ্রি (১৯৭৪) প্রদান করা হয়। ১৯২৭ সালে হরপ্রসাদ শাস্ত্রীকে ডি-লিট ডিগ্রি প্রদানের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই ডিগ্রি প্রদান শুরু হয়। ১৯৭৪ সালের পর আর কাউকে এ ডিগ্রি প্রদান করা হয়নি। ওই বছর একত্রে ৪ জনকে ডি-লিট ডিগ্রি দেয়া হয়েছিল।